Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## The New Nation

# DU set to host 'Research Excellence Recognition 2025'

Staff Reporter

Dhaka University (DU) is set to host the 'Research Excellence Recognition 2025' ceremony on May 2, aiming to celebrate outstanding research achievements, promote a culture of innovation, and strengthen ties between academia and policy.

The event will commence at 4:30 PM at the Nawab Nawab Ali Chowdhury Senate Bhaban, featuring two key sessions.

The first session, titled "The Importance of Investing in Higher Education," will be chaired by Pro-Vice Chancellor (Education) Prof Dr Mamun Ahmed. Prof Abul Kashem Fazlul Haq, President of Bangla Academy, will attend as chief guest, while Pro-VC (Administration) Prof Dr Sayema Haque Bidisha will deliver the keynote.

Industry leaders and alumni will also weigh in on how investment in higher education drives sustainable growth and national development.

The second session, "DU Research Excellence Recognition 2025," will honour approximately 300 faculty members and researchers from various departments and institutes for their impactful contributions to scholarly research.

DU Vice Chancellor Prof Niaz Ahmad Khan will preside over the session, with Prof Wahiduddin Mahmud, Adviser to the Ministry of Planning, as chief guest. Prof Chowdhury Rafiqul Abrar, Adviser to the Ministry of Education, will attend as a special guest.

Researchers whose work was published in high-impact international journals between January and December 2024 will be formally recognised. The initiative also seeks to strengthen collaboration between researchers and policymakers, and to elevate the university's research profile both nationally and globally.

## দৈনিক বর্তমান

# ঢাকা বিশ্ববিদ্যালয় রিসার্চ এক্সিলেন্স রিকগনিশন অনুষ্ঠান আগামী ২ মে

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গবেষণা ও উদ্ভাবন কার্যক্রমকে উৎসাহ প্রদান, গবেষণায় উৎকর্ষ সাধন এবং গবেষকদের অনুপ্রাণিত করার লক্ষ্যে আগামী ২ মে ২০২৫ শুক্রবার বিকাল ৪.৩০টায় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে দউট জবংবধৎপয উীপবষষবহপব জবপড়মহরঃরড়হ ২০২৫' অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ২০২৪ সালের জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের যেসকল গবেষকের গবেষণা প্রবন্ধ 'ঐরময-ওসঢ়ধপঃ ঔড়ঁৎহধষ'-এ প্রকাশিত হয়েছে, অনুষ্ঠানে তাঁদের সম্মাননা প্রদান করা হবে। এর মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের তরুণ গবেষকগণও উৎসাহিত ও অনুপ্রাণিত হবেন বলে আশা করা যাচ্ছে। নীতি নির্ধারকদের সঙ্গে গবেষকদের সংযোগ স্থাপন এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের গবেষণা কার্যক্রম তুলে ধরার লক্ষ্যে এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বৈশ্বিক র‍্যাঙ্কিং-এ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থানকে সম্মানজনক পর্যায়ে উন্নীত করার ক্ষেত্রে এধরনের অনুষ্ঠান সহায়ক ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে। অনুষ্ঠানে দু'টি অধিবেশন থাকবে। 'উচ্চশিক্ষায় বিনিয়োগের গুরুত্ব' শীর্ষক প্রথম অধিবেশনে উচ্চশিক্ষায় বিনিয়োগ বিষয়ক মূলপ্রবন্ধ উপস্থাপন করবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা। উচ্চশিক্ষার ভূমিকা, টেকসই প্রবৃদ্ধি ও উন্নয়নের জন্য উচ্চশিক্ষায় বিনিয়োগের বিষয়ে ইন্ডাস্ট্রি ও অ্যালামনাই প্রতিনিধিগণ আলোকপাত করবেন। প্রথম অধিবেশনে বাংলা একাডেমির সভাপতি অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ এতে সভাপতিত্ব করবেন। 'DU Research Excellence Recognition 2025Ó শীর্ষক দ্বিতীয় অধিবেশনে গবেষণা ও বুদ্ধিবৃত্তিক অবদানের স্বীকৃতি স্বরূপ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটের প্রায় ৩শ' জন খ্যাতিমান শিক্ষক ও গবেষককে সম্মাননা প্রদান করা হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান-এর সভাপতিত্বে দ্বিতীয় অধিবেশনে পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা অধ্যাপক ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ প্রধান অতিথি এবং শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

## নয়া দিগন্ত

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে রিসার্চ এক্সিলেন্স রিকগনিশন অনুষ্ঠান ২ মে

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গবেষণা ও উদ্ভাবন কার্যক্রমকে উৎসাহ প্রদান, গবেষণায় উৎকর্ষ সাধন এবং গবেষকদের অনুপ্রাণিত করার লক্ষ্যে আগামী ২ মে শুক্রবার বিকেল ৪টায় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে 'DU Research Excellence Recognition 2025' অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ২০২৪ সালের জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের যেসব গবেষকের গবেষণা প্রবন্ধ 'High-Impact Journal'-এ প্রকাশিত হয়েছে, অনুষ্ঠানে তাঁদের সম্মাননা প্রদান করা হবে। এর মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের তরুণ গবেষকরাও উৎসাহিত ও অনুপ্রাণিত হবেন বলে আশা করা যাচ্ছে। নীতি নির্ধারকদের সাথে গবেষকদের ■ ৪র্থ পৃ: ১-এর কলামে

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে রিসার্চ এক্সিলেন্স রিকগনিশন

৩য় পৃষ্ঠার পর

সংযোগ স্থাপন এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের গবেষণা কার্যক্রম তুলে ধরার লক্ষ্যে এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বৈশ্বিক র‍্যাঙ্কিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থানকে সম্মানজনক পর্যায়ে উন্নীত করার ক্ষেত্রে এ ধরনের অনুষ্ঠান সহায়ক ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে।

অনুষ্ঠানে দু'টি অধিবেশন থাকবে। 'উচ্চশিক্ষায় বিনিয়োগের গুরুত্ব' শীর্ষক প্রথম অধিবেশনে উচ্চশিক্ষায় বিনিয়োগ বিষয়ক মূলপ্রবন্ধ উপস্থাপন করবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রোভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা। উচ্চশিক্ষার ভূমিকা, টেকসই প্রবৃদ্ধি ও উন্নয়নের জন্য উচ্চশিক্ষায় বিনিয়োগের বিষয়ে ইন্ডাস্ট্রি ও অ্যালামনাই প্রতিনিধিরা আলোকপাত করবেন। প্রথম অধিবেশনে বাংলা একাডেমির সভাপতি অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রোভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ এতে সভাপতিত্ব করবেন।

'DU Research Excellence Recognition 2025' শীর্ষক দ্বিতীয় অধিবেশনে গবেষণা ও বুদ্ধিবৃত্তিক অবদানের স্বীকৃতি স্বরূপ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটের প্রায় ৩০০ জন খ্যাতিমান শিক্ষক ও গবেষককে সম্মাননা প্রদান করা হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সভাপতিত্বে দ্বিতীয় অধিবেশনে পরিকল্পনা মন্ত্রণালয়ের উপদেষ্টা অধ্যাপক ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ প্রধান অতিথি এবং শিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। বিজ্ঞপ্তি।

## দৈনিক বর্তমান

# ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইন্টারন্যাশনাল আইডিইএ'র মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

ঢাবি প্রতিনিধি



যৌথ শিক্ষা-গবেষণা কার্যক্রম চালুর লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ও নির্বাচন পর্যবেক্ষক সংস্থা ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর ডেমোক্রেসি অ্যান্ড ইলেক্টোরাল অ্যাসিস্ট্যান্স (আইডিইএ) এর মধ্যে আজ ৩০ এপ্রিল ২০২৫ বুধবার এক সমঝোতা স্মারক সই হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী এবং ইন্টারন্যাশনাল আইডিইএ'র দক্ষিণ এশিয়া বিষয়ক পরিচালক লিনা রিকিলা তামাং (খববহধ জরশশরষধ এধসধহম) নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারকে সই করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অফিস সংলগ্ন সভাকক্ষে আয়োজিত এই সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. নাছিমা খাতুন, ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্সের পরিচালক অধ্যাপক ড. সামসাদ মতূর্জা এবং রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক মোহাম্মদ আইনুল ইসলাম উপস্থিত ছিলেন। এই সমঝোতা স্মারকের আওতায় অন্তর্ভুক্তিমূলক রাজনীতি, গণতান্ত্রিক কাঠামোকে সংজ্ঞায়িতকরণ এবং রাজনৈতিক দলগুলোর মধ্যে সহযোগিতা জোরদারের ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইন্টারন্যাশনাল আইডিইএ যৌথভাবে কাজ করবে। এছাড়া, এই দুই প্রতিষ্ঠান টেকসই গণতান্ত্রিক ব্যবস্থায় তরুণ ও তরুণীদের সম্পৃক্ততাকে উৎসাহ প্রদান এবং গণতান্ত্রিক সংস্কারে তাদের প্রতিনিধিত্ব বৃদ্ধির জন্য কাজ করবে। এছাড়া ইয়ুথ ডেমোক্রেসি একাডেমির মাধ্যমে গণতন্ত্র বিষয়ক শিক্ষা ও গবেষণার উন্নয়নে উভয় প্রতিষ্ঠান একযোগে কাজ করবে। উল্লেখ্য, ইন্টারন্যাশনাল আইডিয়া একটি আন্তঃসরকারি সংস্থা যা বিশ্বব্যাপী টেকসই গণতন্ত্র প্রতিষ্ঠায় কাজ করছে।

## ইনকিলাব



যৌথ শিক্ষা-গবেষণা কার্যক্রম চালুর লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ও নির্বাচন পর্যবেক্ষক সংস্থা ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর ডেমোক্রেসি অ্যান্ড ইলেক্টোরাল অ্যাসিস্ট্যান্স (আইডিইএ) এর মধ্যে এক সমঝোতা স্মারক সই হয়েছে। গতকাল এই সমঝোতা স্মারক সই করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী এবং আইডিইএ'র দক্ষিণ এশিয়া বিষয়ক পরিচালক লিনা রিকিলা তামাং নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সই করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অফিস সংলগ্ন সভাকক্ষে আয়োজিত এই সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. নাছিমা খাতুন, ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্সের পরিচালক অধ্যাপক ড. সামসাদ মতূর্জা এবং রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক মোহাম্মদ আইনুল ইসলাম উপস্থিত ছিলেন। —প্রেস বিজ্ঞপ্তি

## দৈনিক জনকণ্ঠ




ঢাবির আবাসিক হল ও ক্যাম্পাস প্রাঙ্গণে ছাত্রলীগ নিষিদ্ধ করার দাবিতে বুধবার বিক্ষোভ মিছিল করে ছাত্রদল —জনকণ্ঠ

## নয়া দিগন্ত

ঢাবিতে শিক্ষার্থী নির্যাতন

### ছাত্রলীগ ও সহযোগীদের বিচার দাবি ছাত্রদলের

● ঢাবি প্রতিনিধি

পতিত ফ্যাসিস্ট আওয়ামী শাসনামল ও জুলাই গণ-অভ্যুত্থানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) আবাসিক হল ও ক্যাম্পাসে শিক্ষার্থী নির্যাতনের ঘটনায় জড়িত নিষিদ্ধ সন্ত্রাসী সংগঠন ছাত্রলীগ ও তাদের সহযোগী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের বিচার দাবিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে ঢাবি ছাত্রদল।

গতকাল বুধবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের টিএসসির রাজু ভাস্কর্য থেকে বিক্ষোভ মিছিলটি শুরু করে ভিসি চত্বরে হয়ে ঢাবির প্রশাসনিক ভবনে পৌঁছে একটি সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে শেষ হয়। সমাবেশ শেষে সংগঠনের নেতারা ভিসি বরাবর একটি স্মারকলিপি দেন।

বিক্ষোভ কর্মসূচিতে ঢাবি ছাত্রদল সভাপতি গণেশ চন্দ্র রায় সাহস, সাধারণ সম্পাদক নাহিদুজ্জামান শিপন, সিনিয়র সহসভাপতি নাসিরুদ্দিন শাওন, আনিসুর রহমান খন্দকার অনিক, সাংগঠনিক সম্পাদক নূর আলম ভূঁইয়া ইমনসহ বিশ্ববিদ্যালয় ছাত্রদলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।